# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 04-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

(১) লোকসভা নির্বাচনের তৃতীয় পর্যায়ের প্রচার অভিযানের সমাপ্তির আর মাত্র একদিন বাকি থাকা অবস্থায় রাজ্যে বিভিন্ন রাজনৈতিক দলের ভোটদাতাদের আকর্ষিত করার জোরদার প্রয়াস/ বড়পেটায় সিপিএম'এর জাতীয় সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরির ও মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নির্বাচনী প্রচারে অংশগ্রহণ/ আগামীকাল প্রচার শেষ/

(২) তৃতীয় পর্যায়ের ভোটগ্রহণের জন্যে রাজ্যের চারটি লোকসভা আসনের আওতাধীন জেলা প্রশাসনসমূহের নির্বাচনী প্রস্তুতি অব্যাহত/ আগামীকাল বিকেল পাঁচটা থেকে সাতই মে বিকেল পাঁচটা পর্যন্ত মদ নিষিদ্ধ ঘোষণা/

(৩) করিমগঞ্জ সহ রাজ্যের বিভিন্ন স্থানে পুলিশ, আবগারি বিভাগ এবং অন্যান্য নিরাপত্তা বাহিনীর বৃহৎ পরিমাণ মাদকদ্রব্য বাজেয়াপ্ত/

এবং

(৪) অবিরাম বৃষ্টিপাতের পরিপ্রেক্ষিতে ডিমাহাসাও থেকে বরাক উপত্যকা অভিমুখী বাণিজ্যিক যানবাহন চলাচল নিয়ন্ত্রণ/

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের তৃতীয় পর্যায়ের প্রচার অভিযানের আগামীকাল অন্তিম দিন হওয়ার পরিপ্রেক্ষিতে সব রাজনৈতিক দল ও প্রার্থীদের নির্বাচনী তৎপরতা তুঙ্গে উঠেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ বড়পেটা আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী ফনীভূষণ চৌধুরীর সমর্থনে বঙাইগাওয়ে প্রচার চালান । নির্বাচনী সভায় অংশ নিয়ে ডঃ শর্মা বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রচেষ্টায় আসামে উগ্রপন্থী সমস্যার সমাধান হওয়ায় রাজ্যে বিগত তিন বছরে কোনোধরণের হিংসাত্মক ঘটনা সংঘটিত হয়নি । মহিলাদের স্বাস্থ্যের প্রতি বিজেপি নেতৃত্বাধীন সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছে বলে দাবি করে ডঃ শর্মা বলেন যে- মহিলাদের জরায়ুর ক্যান্সারের বিনামূল্যের প্রতিষেধক প্রদানের জন্য প্রধানমন্ত্রী বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছেন । ২০২৫ সালে বঙাইগাওবাসী জনসাধারণ সেখানকার নির্মিয়মান মেডিকেল কলেজের চিকিৎসা সেবা লাভ করবেন বলে তিনি দাবি করেন ।

এদিকে কোকরাঝাড় লোকসভা আসনের নির্বাচনী প্রচারও তুঙ্গে উঠেছে । এই আসনের এন ডি এ প্রার্থী জয়ন্ত বসুমাতারীর হয়ে রাজ্যের মন্ত্রী পীযূষ হাজারিকা আজ নিলিবাড়ীতে নির্বাচনী প্রচারে অংশ নেন । তিনি বিরোধী দল কংগ্রেসের পাশাপাশি বড়োল্যান্ড আঞ্চলিক পরিষদে ১৭ বছর শাসন করা হাগ্রামা মহিলারীর শাসনকালেরও তীব্র সমালোচনা করেন । এদিকে বিজেপি ও ইউ পি পি এল মিত্রজোটের শাসনকালে এই অঞ্চলে জনসাধারণ শান্তিতে জীবন যাপন করছেন বলে শ্রী হাজারিকা দাবি করেছেন । বিটিসি’র মুখ্যকার্যবাহী সদস্য প্রমোদ বড়ো এবং সাংসদ বনগৌড়া নার্জারিও আজ কোকরাঝাড়ে বিজেপি মিত্রজোটের হয়ে চিরাং দুয়ারে নির্বাচনী প্রচার সভায় অংশ নেন । এদিকে রাজ্যের মন্ত্রী সঞ্জয় কিষাণ বাক্সার বাঁশবাড়ীতে নির্বাচনী প্রচার চালান ।

অন্যদিকে বিধায়ক আমিনুল ইসলাম আজ ধুবড়ীর এ আই ইউ ডি এফ প্রার্থী বদর উদ্দিন আজমলের সমর্থনে এক সাংবাদিক সম্মেলনকে সম্বোধন করেন । এতে মানকাচরের এই বিধায়ক শাসক পক্ষের পাশাপাশি কংগ্রেস দলের সংখ্যালঘু বিরোধি অবস্থানের অভিযোগ করে এর তীব্র সমালোচনা করেন । বড়পেটা জেলার মন্দিয়াতে আজ ধুবড়ি আসনের প্রার্থী ও এ আই

ইউ ডি এফ সভাপতি শ্রী আজমল একটি প্রচার সভায় অংশগ্রহণ করেন । তিনি কংগ্রেস দল সংখ্যালঘুদের কেবল ভোটব্যাংক হিসেবে ব্যবহার করেছে বলে অভিযোগ করেন ।

---------------------------------------------------------------------------

বড়পেটা লোকসভা আসনের সি পি এম প্রার্থী মনোরঞ্জন তালুকদারের হয়ে আজ দলটির জাতীয় সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি নির্বাচনী প্রচার চালিয়েছেন । সরভোগ স্টেডিয়ামে অনুষ্ঠিত নির্বাচনী জনসভায় শ্রী ইয়েচুরি শাসক পক্ষের সমালোচনা করে বিজেপি'র শাসনকালে সমগ্র দেশে অস্থির পরিবেশবিরাজ করছে বলে দাবি করেন । দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে দুঃস্থ লোকেরা ভোগান্তির সম্মুখীন হচ্ছেন বলে তিনি অভিযোগ করেন । এবং কুশাসন থেকে ভারতকে মুক্ত করার জন্য নির্বাচনই মূলমন্ত্র বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------

আগামী মঙ্গলবার অর্থাৎ সাতই মে অনুষ্ঠেয় তৃতীয় পর্যায়ের ভোটগ্রহণের জন্য রাজ্যের চারটি লোকসভা আসনের অন্তর্গত জেলাপ্রশাসনসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে । গোয়ালপাড়া জেলার ৯১০টি কেন্দ্রে ভোটগ্রহণের জন্য যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে । এদিকে সংশ্লিষ্ট সবকটি জেলায় আগামীকাল বিকেল পাঁচটা থেকে আগামী মঙ্গলবার ভোটগ্রহণের দিন বিকেল পাঁচটা পর্যন্ত মদ নিষিদ্ধ করা হয়েছে । অন্যদিকে দক্ষিণ শালমারা মানকাচর জেলা প্রশাসনের উদ্যোগে আজ এই জেলার নির্বাচনের দায়িত্বে নিয়োজিত চারশোরও বেশিও বুথ পর্যায়ের ভোটকর্মীদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে । কোকরাঝাড় জেলা প্রশাসনও অনুরূপভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের মনোনয়নপত্র সমুহ আজ পরীক্ষা করা হয় ।আগামী সোমবার মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ধার্য করা হয়েছে ।এই পর্যায়ে আগামী ২০ মে ৬ টি রাজ্য ও দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৪৯ টি আসনের জন্য ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ।এদিকে গতকাল এই পর্যায়ের মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে বেশ কয়েকজন প্রথম সারির নেতা মনোনয়নপত্র দাখিল করেন । কংগ্রেস নেতা রাহুল গান্ধী গতকাল

উত্তরপ্রদেশের রায়বেরিলী আসনে মনোনয়নপত্র দাখিল করেন ।রায়বেরিলী আসনে বিজেপি প্রার্থী দীনেশ প্রতাপ সিং এবং আমেথিতে কংগ্রেস প্রার্থী কিশোরী লাল শর্মা গতকাল মনোনয়নপত্র দাখিল করেন ।

------------------------------------------------------------------------------------

বিশ্বের সর্ববৃহৎ গণতন্ত্রের সাধারণ নির্বাচনের প্রত্যক্ষদর্শী হওয়ার উদ্দেশ্যে বিশ্বের ২৩টি দেশের নির্বাচন ব্যবস্থাপনা সংস্থার ৭৫ জন প্রতিনিধি ভারতে উপস্থিত হয়েছেন ।নির্বাচন কমিশনের আমন্ত্রণে এই ৭৫ জন প্রতিনিধি ভারতে এসে উপস্থিত হয়েছেন ।প্রতিনিধিরা আজ থেকে ৬ দিন ব্যাপী বিভিন্ন কার্যসূচীতেও অংশগ্রহণ করবেন ।নির্বাচন কমিশন জানিয়েছে যে এই কার্যসূচীগুলোতে ভারতের নির্বাচনী ব্যবস্থা এবং এর সঠিক পরিচালনা সম্পর্কে প্রতিনিধিদের অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন স্থানে পুলিশ, আবগারি বিভাগ এবং অন্যান্য নিরাপত্তা বাহিনীর কর্মীরা বৃহৎ পরিমাণ মাদকদ্রব্য বাজেয়াপ্ত করেছে । করিমগঞ্জ জেলার বারইগ্রাম অঞ্চলে পুলিশ অভিযান চালিয়ে বেঙ্গালুরুর উদ্দেশ্যে পাঠানোর জন্য একটি পরিবহণ প্রতিষ্ঠানে রাখা বৃহৎ পরিমাণের হেরোইন, সাবানের বাক্স থেকে উদ্ধার করা হয়েছে । পুলিশ নেশাযুক্ত দ্রব্যগুলির প্রেরক এবং গ্রাহকদের খোঁজে তদন্ত অব্যাহত রেখেছে ।

তামুলপুর জেলার ভারত-ভূটান সীমান্তের দরঙা মেলায় আবগারি বিভাগ এবং এস এস বি যৌথ অভিযান চালিয়ে বৃহৎ পরিমাণ মদ সহ দুজন লোককে আটক করেছে । আবগারি বিভাগ অবৈধ ভূটানী মদের বিরুদ্ধে ধারাবাহিক অভিযান চালানোর সময়েই প্রতিবেশী দেশটি থেকে অবৈধভাবে মদের আমদানি অব্যাহত রয়েছে । এই বিষয়ে লাভ করা গোপন তথ্যের পরিপ্রেক্ষিতে অভিযান চালিয়ে সংশ্লিষ্ট জেলা আবগারি বিভাগ এস এস বি'র সহযোগিতায় একটি চারচাকার বাহনে বৃহৎ পরিমাণ মদ সহ ঐ দুই ব্যক্তিকে আটক করতে সমর্থ হয় ।

এদিকে হোজাই জেলার লঙ্কায় নেশাযুক্ত দ্রব্যের তিনটি কন্টেনার সহ একজন সরবরাহকারীকে লঙ্কা পুলিশ গ্রেপ্তার করেছে। এই সম্পর্কে পুলিশের

তদন্ত অব্যাহত রয়েছে । এদিকে লামডিং রেলওয়ে জংশনে লোয়ার অবোধ-আসাম এক্সপ্রেস ট্রেন থেকে রেল পুলিশ গতকাল রাত্রে বেশকয়েক লক্ষ টাকার হেরোইন জব্দ করেছে । এদিকে গুয়াহাটির পল্টন বাজার রেল স্টেশনেও আজ রেল পুলিশ গাঁজা সহ দুজন সরবরাহকারীকে আটক করেছে । তিনসুকিয়া জেলায় মার্ঘেরিটা মহকুমা পুলিশ বিশাল পরিমাণ হেরোইন ও নেশাযুক্ত দ্রব্য মাপার মেশিন সহ এক যুবককে আটক করেছে ।

---------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলায় বিগত কয়েকদিন ভারী বৃষ্টিপাত ও ভূমিধ্বসের প্রতি লক্ষ্য রেখে জেলা প্রশাসন বেশ কিছু সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে ।ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ ও গুয়াহাটীর আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ি ডিমা হাসাও জেলায় আগামী কাল থেকে আগামী ১৫ ই মে পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার প্রতি লক্ষ্য রেখে জেলা প্রশাসন জেলার জনসাধারণকে সতর্ক থাকতে এবং প্রয়োজন ছাড়া বাইরে না যাওয়ার পরামর্শ প্রদান করেছে ।এছাড়া যানবাহন চলাচল কিছুটা নিয়ন্ত্রণ করেছে । ডিমা হাসাও জেলা আয়ুক্ত তথা জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জেলায় ২৭ নম্বর জাতীয় সড়কের জাটিঙ্গা - হারাঙ্গাজাও অংশে আজ রাত ৮ টা থেকে ভারী বানিজ্যিক যানবহন চলাচলে নিষেধাজ্ঞা জারী করেছে ।এই সড়কটির মেরামতির কাজ অব্যাহত থাকা সহ ভারী বৃষ্টিপাতের ফলে সৃষ্টি হওয়া পরিস্থিতির জন্য এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।বরাক উপত্যাকা থেকে যাওয়া ভারী বানিজ্যিক যানবাহনগুলোকে বিকল্প পথ ব্যবহার করতে বলা হয়েছে ।পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে । জনসাধারণকে যে কোনো পরিস্থিতিতে জেলা জরুরীকালীন সহায়তা কেন্দ্রের ০৩৬৭৩-২৩৬৩২৪ এবং ০৩৬৭৩১০৭৭ টোল ফ্রি নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে।

---------------------------------------------------------------------------------------

জাতীয় যোগ্যতা নিরূপন তথা প্রবেশ পরীক্ষা নীট ইউ জি আগামীকাল অনুষ্ঠিত হবে ।এর জন্য নেশন্যাল টেস্টিং এজেন্সি সব ধরণের প্রস্তুতি সম্পূর্ণ করে তুলেছে ।দেশের ৫৫৭ টি স্থান এবং দেশের বাইরের ১৪ টি স্থানে নীট

পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হয়েছে ।২৪ লক্ষেরও বেশী পরীক্ষার্থী এবারের নীট পরীক্ষায় অবতীর্ণ হবে ।এই পরীক্ষা দুপুর ২ টো থেকে বিকেল ৫ টা ২০ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হবে ।এন টি এ পরীক্ষার্থীদেরকে তাদের ফটো , স্বাক্ষর এবং রোল নম্বর সম্বলিত বারকোড থাকা প্রবেশপত্র ডাউনলোড করে সঙ্গে নিয়ে যাবার নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় লোকসভা নির্বাচনের তৃতীয় পর্যায়ের পোস্টাল ব্যালটের ভোটদান আগামীকাল ও আগামী সোমবার অনুষ্ঠিত হবে ।জেলার পোস্টাল ব্যালট সেলের ইনচার্জ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলা আয়ুক্ত কার্যালয়ের নীচের তলায় আগামী কাল ও আগামী সোমবার সকাল ৯ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত পোস্টাল ব্যালটে ভোটদান করা যাবে ।উল্লেখ্য তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য আজ ও গত কাল হাইলাকান্দি পুলিশ রির্জাভে পুলিশ কর্মীদের পোস্টাল ব্যালটে ভোটদান অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অফ লালার উদ্যোগে ও হাইলাকান্দি জেলা অন্ধত্ব নিবারণী সমিতির সহযোগিতায় আজ লালা চন্দ্রপুর বাইপাসের লায়ন্স ভিশন সেন্টারে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে ১০০ জনের ও বেশী রোগীর চক্ষু পরীক্ষা করে ১৩ জনের ছানি সনাক্ত করা হয় ।
এদিকে লায়ন্স ক্লাব অফ লালার উদ্যোগে আজ চন্দ্রপুর বাইপাসের লায়ন্স ভিশন সেন্টার প্রাঙ্গনে বৃক্ষরোপন কার্যসূচীও পালন করা হয় ।হাইলাকান্দি এস কে রায় সিভিল হাসপাতালের চক্ষুরোগ বিশেষজ্ঞ ডাঃ সুমনা দাস ভট্টাচার্য বৃক্ষরোপন কার্যসূচীর সূচনা করেন ।

---------------------------------------------------------------------------

শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এবং করিমগঞ্জ সিভিল হাসপাতালের যৌথ উদ্যোগে গতকাল করিমগঞ্জ সিভিল হাসপাতালে মহিলাদের বন্ধ্যাকরণ শিবিরের আয়োজন করা হয় । শিবিরে প্রশিক্ষিত ডাক্তারদের দ্বারা ৪৩ জন মহিলাকে বন্ধ্যাকরণ করা হয় ।

---------------------------------------------------------------------------